

কোর্ট ফাউন্ডেশন, প্রধান কার্যালয়, ঢাকা। তারিখ : ৯ মার্চ, ২০২০।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সকল কর্মী  
হতে : উপ নিবাহী-পরিচালক  
বিষয় : অফিসে উপস্থিতির সময় মেনে চলা প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

শুভেচ্ছা জানবেন।

আমরা লক্ষ্য করছি যে আমাদের সহকর্মীগণ অনেকেই সকালে সময়মত অফিসে উপস্থিত হন না। বার বার বলা এবং মনে করিয়ে দেয়া সত্ত্বেও এর কোনো উন্নতি আমরা লক্ষ্য করছি না। তাই আপনাদের অবগতির জন্য নিম্নলিখিত বিষয়গুলো আপনাদের বরাবরে উপস্থাপন করা হলো:

১. আগামী ১২ মার্চ, ২০২০ তারিখ থেকে নির্ধারিত অফিস সময়ের পরে আসলেই সেটা দেরী করে হাজিরা বলে গণ্য হবে। কোন কর্মী যদি মাঠ পরিদর্শনে থাকেন তাহলে যে অফিসে অবস্থান করবেন সেই অফিসেই যথারীতি হাজিরা দিতে হবে। সে অফিসে হাজিরা না দিলেও তা অনুপস্থিত বলে গণ্য হবে।
২. এভাবে একমাসে তিন দিন দেরী করে হাজিরা দিলে সেই মাসে এক দিনের বেতন কর্তন (প্রতি তিন দিনের জন্য একদিন) করা হবে। এখানে উল্লেখ্য যে, এরকম বেতন কর্তনের বিষয় দুইবারের বেশী হলে সংশ্লিষ্ট কর্মীর বিরুদ্ধে চূড়ান্ত প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।
৩. কোন কর্মী এসএমএস দিয়ে ছুটি নিতে পারবেন না। এসএমএস দিয়ে অফিসে দেরী করে আসলেও তা অফিসে অনুপস্থিত হিসেবে গণ্য করা হবে।
৪. কেন্দ্রীয় অফিস থেকে পরিচালক-প্রশাসন এন্ড এসআর এটি নিয়মিত মনিটর করবেন এবং প্রতি মাসের ২৮ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে দেরীতে হাজিরা কর্মীর প্রতিবেদন দেবেন। প্রতিবেদন বিশ্লেষণ করে যারা তিনদিনের বেশী অফিসে দেরীতে হাজিরা দিয়েছেন তাদের বেতন কর্তনের চিঠি তিন প্রতি মাসের ২৯ তারিখের মধ্যে সংশ্লিষ্ট অফিস প্রধানকে পাঠাবেন।
৫. এ সম্পর্কিত পূর্বের কোন নির্দেশনা থাকলে তা বাতিল হিসেবে গণ্য হবে।
৬. অফিস প্রধান সংশ্লিষ্ট কর্মীর বেতন কর্তন নিশ্চিত করবেন।
৭. অত্র সার্কুলারটি অনতিবিলম্বে কার্যকরী হবে এবং আগামী ২ টি সভায় এটি আলোচনা করতে হবে।
৮. এ সার্কুলারটির সাথে যদি কেউ দ্বিমত পোষণ করেন তাহলে নিম্নস্বাক্ষরকারীকে যেকোন মাধ্যমে আগামী ২০ মার্চ, ২০২০ তারিখের মধ্যে জানানোর জন্য অনুরোধ করা হলো।
৯. এটি সকলের স্বাক্ষর হয়ে আগামী ২০ মার্চ, ২০২০ তারিখ পর্যন্ত নোটিশ বোর্ডে ঝুলানো থাকবে এবং পরে যথারীতি নির্দিষ্ট ফাইলে চলে যাবে।

এ ব্যাপারে আপনাদের সার্বিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ



সনত কুমার ভৌমিক 09 MAR 2023

অনুলিপি : নিবাহী পরিচালক

সকল পরিচালক

অফিস কপি